প্রাকৃতিক সম্পদ ব্যবহারের ক্ষেত্রে সতর্ক হতে হবে-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

বিদ্যুৎ,পানি ও প্রাকৃতিক সম্পদ ব্যবহারের ক্ষেত্রে আমাদের সতর্ক থাকতে হবে যাতে আমরা কোনো ধরনের অপচয় আমরা না করি। মেহেরপুরে বৃক্ষ রোপন ও বৃক্ষ মেলার উদ্বোধনী অনুষ্ঠানে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এ কথা বলেন।

তিনি আরও বলেন, ২০০৫-২০০৬ সালে ৪০ শতাংশ ঘরে বিদ্যুৎ ছিলো বর্তমানে আমরা শতভাগ ঘরে বিদ্যুৎ দিয়েছি এবং বিদ্যুতের সুবিধা গুলোও মানুষের কাছে পৌছে দিয়েছি। বিদ্যুৎ তৈরী করতে যে তেল লাগে সেটা আমাদের বাইরে থেকে আনতে হয়। বিশ্ববাজারে ব্যাপক ভাবে তেলের দাম বৃদ্ধি পেয়েছে। ইউরোপে গ্যাস বন্ধ হচ্ছে, বিভিন্ন ভাবে তেল বন্ধ হচ্ছে, ব্যাপকভাবে ইউরোপে জিনিস পত্রের দামও বেড়ে গেছে ফলে একটি বৈশিক সমস্যা তৈরী হয়েছে। আমাদের সব সময় মনে রাখতে হবে আমি যদি অপ্রয়োজনে ফ্যান বন্ধ করে অন্য আরেকজন ফ্যান চালাতে পারবে। আমাদের সরকার অত্যান্ত শতর্ক আমরা পরিস্থিতি মোকাবেলার জন্য আগে ভাগে শতর্ক ব্যবস্থা নিয়েছি। আমরা আশা করি অক্টোবর মাসের মধ্যে আমরা সমস্যা কাটিয়ে উঠতে পারবো। আমরা যখন কোন কিছু আমদানি করি তখন ৬ মাসের পরিকল্পনা করে আমাদের করতে হয়। আমাদের ৬ মাসের জ্বালানি ব্যবস্থা করা আছে। তেল পাওয়া যাবে কিন্তু দামটাও বেশি তাই আমাদের অপচয় রোধ করতে হবে।

আজ বৃহস্পতিবার দুপুর ১২ টায় মেহেরপুর জেলা প্রশাসনের কার্যলয় চত্বরে “বৃক্ষপ্রাণের প্রকৃতি-প্রতিবেশ,আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুর জেলা প্রশাসন ও বন অধিদপ্তরের উদ্যোগে বৃক্ষ রোপন ও বৃক্ষ মেলার উদ্বোধন কালে তিনি এ সব কথা বলেন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ফিতা কেটে উদ্ভোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে কুষ্টিয়া বিভাগীয় বন কর্মকর্তা জি.এম. মোহাম্মদ কবির ও মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর সামাজিক বনায়ন ও প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: জাফর উল্লাহ, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস,গাংনী পৌর সভার মেয়র আহমেদ আলী,পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, বন কর্মকর্তা জাফরুল্লাহ, মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের স্টেশন মাস্টার আব্দুর রাজ্জাক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় জেলা পর্যায়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এর আগে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়।